আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা
শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ

সূত্র নং- ২/২১/৬৮৮/ ৮৫৫০ তারিখ: ৩০-০৬-২০১৯

বিষয়: আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান প্রসঙ্গে।

জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' এর লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হয়। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদে নির্বাহী কমিটি গঠিত হয়েছে। দেশের সচেতন ও স্বনির্ভর জনগোষ্ঠী গড়ে তুলে সরকার নির্দেশিত গণমুখী, জনকল্যাণকর ও দেশগঠনমূলক গ্রামীন উন্নয়ন আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ এবং নেতৃত্বের মাধ্যমে দারিদ্র্যমুক্ত, সমৃদ্ধ ও শান্তিময় বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়েই বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী গঠন করা হয়। এ বাহিনীর প্রায় ৬১ লক্ষ সদস্য-সদস্যার অধিকাংশই নিম্নবিত্ত ও নিম্নমধ্যবিত্ত। দরিদ্র্য ও ব্যাংকিং সুবিধা বঞ্চিত এই বিশাল জনগোষ্ঠীর জন্য অর্থনৈতিক সক্ষমতা অর্জন, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধির মাধ্যমে তাদের দারিদ্র্য বিমোচনপূর্বক স্বনির্ভর করে তোলার লক্ষ্যে ব্যাংকের কর্মচারীগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

২। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে অপারেশন সার্কুলার নং-১৬ /২০১৮ তারিখ ০৯-০৯-২০১৮ মোতাবেক কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে পরিপত্র জারী করা হয়। উক্ত পরিপত্রে ১৮ টি অঞ্চলের প্রতিটি অঞ্চলাধীন শাখা সমূহ হতে গ্রেড-৪ হতে গ্রেড -১০ ভূক্ত ১ জন করে ২০১৬-১৭ অর্থবছরের জন্য মোট ১৮ জন ও ২০১৭-১৮ অর্থবছরের জন্য ১ জন করে মোট ১৮ জন সর্বমোট ৩৬ জনের শুদ্ধাচার পুরস্কারের সুপারিশ প্রধান কার্যালয়ের সুপারিশ/বাছাই কমিটির নিকট প্রেরণ করা হয়। প্রধান কার্যালয়ের সুপারিশ/বাছাই কমিটির সুপারিশ ও চূড়ান্ত নির্বাচন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের জন্য (প্রতি অর্থবছরের জন্য ৪ জন করে) মাঠ পর্যায়ের শাখা সমূহ হতে গ্রেড-৪ হতে গ্রেড -১০ ভূক্ত নিম্নোক্ত মোট ৮জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কারের জন্য চূড়ান্ত মনোনয়ন দেয়া হলো:

২০১৬-১৭ অর্থ বছরের জন্য :

| ক্রঃ নং | কর্মচারীর নাম | পরিচিতি নং | পদবী | গ্রেড | ২০১৬-১৭ অর্থবছরে কর্মস্থল | বর্তমান কর্মস্থল | ২০১৬-১৭ অর্থবছরের গৃহিত সর্বশেষ মূলবেতন |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ হারিছ চৌধুরী | ৩৬৯ | এসও | ৯ | সোনাগাজী শাখা ফেনী | বেগমগঞ্জ শাখা নোয়াখালী | ২৩,১০০/- |
| ২. | জনাব মোঃ আব্দুল লতিফ | ৬৮০ | এসও | ৯ | সিংগাইর শাখা মানিকগঞ্জ | মানিকগঞ্জ শাখা মানিকগঞ্জ | ২৫,৪৮০/- |
| ৩. | জনাব মোছা: মাসুমা খানম | ৫৬১ | অফিসার | ১০ | ফতুল্লা শাখা নারায়ণগঞ্জ | ফতুল্লা শাখা নারায়ণগঞ্জ | ১৬,৮০০/- |
| ৪. | জনাব মোঃ মামুন উর রশিদ মিয়া | ৬৯৬ | এসও | ৯ | ভালুকা শাখা ময়মনসিংহ | হালুয়াঘাট শাখা ময়মনসিংহ | ২৫,৪৮০/- |

চলমান পাতা-২

Scanned by CamScanner

বিষয়: আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান প্রসঙ্গে।

২০১৭-২০১৮ অর্থবছরের জন্য :

| ক্র: নং | কর্মচারীর নাম | পরিচিতি নং | পদবী | গ্রেড | ২০১৭-১৮ অর্থবছরে কর্মস্থল | বর্তমান কর্মস্থল | ২০১৭-১৮ অর্থবছরের গৃহিত সর্বশেষ মূলবেতন |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মুক্তার আলী | ১৩ | পিও | ৬ | দিনাজপুর শাখা দিনাজপুর | দিনাজপুর শাখা দিনাজপুর | ৪৩,১৭০/- |
| ২. | জনাব ইমাম মেহেদী হাসান | ২২ | পিও | ৬ | আঃভিঃ একাডেমী শাখা, সফিপুর গাজীপুর | আঃভিঃ একাডেমী শাখা, সফিপুর গাজীপুর | ৪৩,১৭০/- |
| ৩. | জনাব মুহাম্মদ শাহী এমরান | ৫২০ | অফিসার | ১০ | কক্সবাজার শাখা কক্সবাজার | কক্সবাজার শাখা কক্সবাজার | ১৮,৫৩০/- |
| ৪. | জনাব মুহম্মদ সাইফুর রহমান | ২৬৩ | এসও | ৯ | সোনাইমুড়ি শাখা নোয়াখালী | সোনাইমুড়ি শাখা নোয়াখালী | ২৬,৭৬০/- |

৩। শুদ্ধাচার পুরস্কারের জন্য চুড়ান্তভাবে নির্বাচিত কর্মচারীগণকে পুরস্কার হিসেবে তাঁদের স্ব-স্ব নামের পার্শ্বে বর্ণিত সংশ্লিষ্ট অর্থবছরের সর্বশেষ গৃহিত ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ ও ১টি সার্টিফিকেট প্রদান করা হবে।

৪। শুদ্ধাচার পুরস্কার প্রদানের কারণে কর্মচারীগণের মধ্যে শুদ্ধাচার চর্চার উৎসাহ সৃষ্টি হবে এবং অন্যান্য কর্মচারীগণ প্রতিযোগিতার মাধ্যমে নিজেদেরকে অধিকতর যোগ্য কর্মচারী হিসেবে প্রতিষ্ঠায় আত্মনিয়োগ করবেন মর্মে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আশা পোষণ করেন।

সংশ্লিষ্ট কর্মকর্তাগণ

মোঃ মাহবুবুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : 02-48313196
E-mail : md@ansarvdpbank.gov.bd

সূত্র নং- ২/২১/৬৮৮/ ৪২২৩০

তারিখ: ৩০-০৬-২০১৯

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১। স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) মহোদয় এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। জনাব মোঃ মইনুল ইসলাম, পিএএম, উপ-পরিচালক, ওয়েলফেয়ার শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-বিভাগ প্রধান, কম্পিউটার উপ-বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ এবং উপ-বিভাগ প্রধান, কেন্দ্রীয় হিসাব উপ-বিভাগকে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মচারীগণকে নির্ধারিত মূলবেতনের সমপরিমান অর্থ ৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে ক্রেডিট অ্যাডভাইসের মাধ্যেমে প্রেরণের অনুরোধসহ)।
৫। সকল আঞ্চলিক ব্যবস্থ্যপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৭। সকল শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৮। নথি/মহানথি

৩০-০৬-১৯

মোঃ মিজানুর রহমান
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

Scanned by CamScanner